সমকাল

তারিখ ..12.7. AUG .2015...
পৃষ্ঠা ...৬... কলাম.... ৩.....

# বন্যায় জামালপুরে ১৪৭ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা

■ জামালপুর প্রতিনিধি

জামালপুরে ১৩৮টি প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বন্যাকবলিত হয়ে পড়েছে। বুধবার রাতে ইসলামপুর উপজেলার যমুনার তীরবর্তী শিলদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নদীতে বিলীন হয়ে গেছে।

বন্যার পানি ওঠার কারণে জেলার ১১৯টি প্রাথমিক বিদ্যালয় ও ২৮টি মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা বন্ধ ঘোষণা করা হয়েছে।

প্রতিটি বিদ্যালয়ের মাঠে স্রোতার পানি ও শ্রেণীকক্ষে কোমর পর্যন্ত পানি উঠেছে। এছাড়াও বিদ্যালয়ে যাতায়াতের জন্য সব রাস্তা-ঘাট তলিয়ে গেছে। শিক্ষা বিভাগের পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এসব বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম বন্ধ থাকবে।

সামনে প্রাথমিক বিদ্যালয়ের সমাপনী পরীক্ষা থাকায় বিদ্যালয় থেকে পানি সরে যাওয়ার সঙ্গে সঙ্গে ক্লাস শুরু করার সব প্রস্তুতি নেওয়া হচ্ছে বলে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবদুল আলীম জানিয়েছেন।